

পলিস নং ২১২

### সঞ্চয়ী পাঁচ কিস্তি বীমা

এটি একটি আকর্ষণীয় সঞ্চয়ী বীমা পরিকল্পনা। এই পরিকল্পনে পাঁচ কিস্তিতে বীমার টাকা পরিশোধ করা হয়, ফলে বীমাবৃত্তের পক্ষে অনেক অনাকাঙ্খিত অর্থনৈতিক সমস্যার তৎক্ষণিক মোকাবেলা করা সহজতর হয়ে উঠে। তাছাড়া বীমা গ্রাহক জীবিত অবস্থায় বীমার টাকা বিভিন্ন লাভজনক থাতে থাটাতে পারেন। বীমা চলাকালীন সময়ে বীমা অংকের আংশিক পরিশোধ করা ছাড়াও বীমাবৃত্ত ব্যক্তির অকাল মৃত্যুতে বীমা অংকের পুরো টাকা পরিশোধ করা হয়। এই পরিকল্পনের অধীনে ১০ ও ১৫ বছর মেয়াদী পলিসি গ্রহণ করা যায়। এ পরিকল্পনা অনুযায়ী বীমার  $\frac{1}{5}$  অংশ মেয়াদ শেষে বীমা অংকের ১০%,  $\frac{2}{5}$  অংশ মেয়াদ শেষে বীমা অংকের ১৫%,  $\frac{3}{5}$  অংশ মেয়াদ শেষে বীমা অংকের ২০%,  $\frac{4}{5}$  অংশ মেয়াদ শেষে বীমা অংকের ২৫% এবং মেয়াদ পূর্তিতে অর্জিত বোনাসসহ বীমা অংকের অবশিষ্ট ৩০% টাকা প্রদান করা হবে। অর্থাৎ ১০ বছর মেয়াদের পলিসিতে ২ (দুই) বছর পর বীমা অংকের ১০%, ৪ (চার) বছর পর বীমা অংকের ১৫%, ৬ (ছয়) বছর বীমা অংকের ২০%, ৮ (আট) বছর পর বীমা অংকের ২৫% সহ সর্বোচ্চ ৭০% এবং মেয়াদ শেষে বীমা অংকের অবশিষ্ট ৩০% অর্জিত বোনাসসহ পরিশোধ করা হবে। ১৫ বছর মেয়াদের পলিসির ক্ষেত্রে ৩, ৬, ৯, ১২ ও ১৫ বছর ও অনুরূপ কিস্তি পরিশোধ করা হবে। মেয়াদ পূর্তির আগে এক বা একাধিক কিস্তির টাকা প্রদান করার পরও যদি বীমাবৃত্তের মৃত্যু ঘটে তবুও বীমা অংকের পুরো টাকা অর্জিত বোনাসসহ মনোনীতকক্ষে পরিশোধ করা হবে।

এছাড়াও মেয়াদ পূর্তির পূর্বে দৃষ্টিনার দেহের ২ হাত, ২ পা বা ২ চোখ এর যে কোন দুটি অঙ্গ সম্পূর্ণ ও স্থায়ী পদ্ধতে কর্মক্ষমতাহীন হয়ে পড়লে পরবর্তী প্রিমিয়াম মওকুফ হয়ে যাবে এবং বীমা অংকের ৫০% বীমাবৃতকে প্রদান করা হবে। কিস্তি বীমা বুকি সম্পূর্ণ বীমা অংকের উপর বলবৎ থাকবে। বীমাবৃত জীবিত থাকলে এবং পূর্বে বীমা অংকের ৫০% পেয়ে থাকলে মেয়াদান্তে বোনাসসহ বীমা অংকের অবশিষ্ট ৫০% পাবেন।